



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, বরিশাল।
(এস.এ. শাখা)
www.barisal.gov.bd




“নিলাম বিজ্ঞপ্তি”

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ‘দুর্গাসাগর দিঘি উন্নয়ন ও পাখির অভয়ারণ্য’ প্রকল্পে পর্যটন সুবিধাদি প্রবর্তন (১ম সংশোধিত) শীর্ষক প্রকল্পের অবশিষ্ট বাউন্ডারী ওয়াল নির্মাণ কাজের লে আউটে পতিত মেহগনি গাছ- ৪২টি, তাল গাছ- ০১টি, কড়াই গাছ-০১টি, চাম্বল গাছ-০৭টি, পাকুর (গামার) গাছ-০১টি, রেইন্ড্রি গাছ-০২টি ও কাঠাল গাছ ০২টি সর্বমোট ৫৬টি গাছ (যেখানে যে অবস্থায় আছে সে অবস্থায়) প্রকাশ্য নিলাম ডাকের মাধ্যমে বিক্রয় করা হবে। উক্ত প্রকাশ্য নিলাম ডাক আগামী ০৬-১২-২০২৩ খ্রি. তারিখ সকাল ১১.০০ টায় ‘দুর্গাসাগর দিঘি উন্নয়ন ও পাখির অভয়ারণ্য’ প্রকল্পের অফিস কক্ষে অনুষ্ঠিত হবে। ইচ্ছুক ক্রেতা/সাধারণ ব্যবসায়ীদের উক্ত তারিখে যথাসময়ে উপস্থিত হয়ে প্রকাশ্য নিলাম ডাকে অংশগ্রহণ করার জন্য অনুরোধ করা যাচ্ছে।

শর্তাবলী

০১. নিলাম ডাককারীকে আগামী ০৬-১২-২০২৩ খ্রি. তারিখ সকাল ১১.০০ ঘটিকার পূর্বে ‘দুর্গাসাগর দিঘি উন্নয়ন ও পাখির অভয়ারণ্য’ প্রকল্পের অফিস কক্ষে হাজির হয়ে নিলাম ডাকে অংশগ্রহণ করতে হবে।
০২. প্রকাশ্য নিলাম ডাকে অংশগ্রহণকারীর জাতীয় পরিচয়পত্র/স্থানীয় ওয়ার্ড কাউন্সিলর বা ইউপি চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র, ০২ কপি রঙিন ছবি এবং ড্রেড লাইসেন্স দাখিল করতে হবে।
০৩. প্রকাশ্য নিলাম ডাকে অংশগ্রহণের সময় চেয়ারম্যান, ‘দুর্গাসাগর দিঘি উন্নয়ন ও পাখির অভয়ারণ্য’ প্রকল্প, বরিশাল- এর অনুকূলে নগদ ১০,০০০/- টাকা (ফেরৎযোগ্য) জামানত হিসেবে জমাদানপূর্বক ডাকে অংশগ্রহণ করতে পারবেন।
০৪. নির্ধারিত সময়ের পর কোন ডাককারীর জামানত গ্রহণ করা হবে না এবং জামানত ব্যতিরেকে কেউ নিলাম ডাকে অংশগ্রহণ করতে পারবেন না।
০৫. প্রকাশ্য নিলাম ডাকে অংশগ্রহণকারী সর্বোচ্চ দরদাতা কর্তৃক ডাক সমাপ্তি শেষে মোট মূল্যের ৫০% টাকা এবং কার্যাদেশ প্রাপ্তির ০৭ (সাত) দিনের মধ্যে অবশিষ্ট টাকা, ভ্যাট ১৫% হারে ও উৎস কর ৫% হারে অর্থাৎ সমুদয় টাকা পরিশোধ করতে হবে। অন্যথায় তার জামানতসহ সমুদয় অর্থ বাজেয়াপ্ত বলে গণ্য হবে।
০৬. কার্যাদেশ প্রদানের ০৭ (সাত) দিনের মধ্যে ‘দুর্গাসাগর দিঘি উন্নয়ন ও পাখির অভয়ারণ্য’ প্রকল্প, বরিশাল হতে নিলামকৃত গাছসমূহ অপসারণ করতে হবে।
০৭. গাছসমূহ অপসারণের সময় ‘দুর্গাসাগর দিঘি উন্নয়ন ও পাখির অভয়ারণ্য’ প্রকল্প, বরিশাল এর কোন সম্পদ, রাস্তা বা দেয়ালের ক্ষয়-ক্ষতি হলে তার দায়-দায়িত্ব দরদাতাকে বহন করতে হবে।
০৮. অনিবার্য কারণবশত নিলাম ডাকের তারিখ ও সময় বা যে কোন ধরনের পরিবর্তন হতে পারে।
০৯. কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে আংশিক বা সকল নিলাম ডাকের কার্যক্রম গ্রহণ কিংবা বাতিলের অধিকার সংরক্ষণ করেন।


(রয়া ত্রিপুরা)
রেভিনিউ ডেপুটি কালেক্টর
বরিশাল

ও
সদস্য সচিব

পুরাতন মালামাল/গাছ নিলামে বিক্রয় কমিটি।

স্মারক নং-৩১.১০.০৬০০.১০৮.১৪.০৩৩.১৫.২৭

তারিখ: ১২ অগ্রহায়ণ ১৪৩০
২৭ নভেম্বর ২০২৩

অনুলিপি: সদয় অবগতি ও কার্যার্থে-

০১. জেলা প্রশাসক, বরিশাল ও চেয়ারম্যান, 'দুর্গাসাগর দিঘি উন্নয়ন ও পাখির অভয়ারণ্য' প্রকল্প, বরিশাল।
০২. অতিরিক্ত জেলা প্রশাসক(রাজস্ব), বরিশাল।
০৩. বিভাগীয় বন কর্মকর্তা, বরিশাল (বিজ্ঞপ্তিটি নোটিশ বোর্ডে ঝুলিয়ে রাখার ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।
০৪. নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, বরিশাল (বিজ্ঞপ্তিটি নোটিশ বোর্ডে ঝুলিয়ে রাখার ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।
০৫. উপজেলা নির্বাহী অফিসার (সকল), বরিশাল (বহল প্রচারের জন্য অনুরোধ করা হলো)।
০৬. সহকারী কমিশনার (ভূমি)..... (সকল), বরিশাল (বহল প্রচারের জন্য অনুরোধ করা হলো)।
০৭. আইসিটি শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, বরিশাল (ওয়েব সাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।
০৮. নাজির, দুর্গাসাগর দিঘি উন্নয়ন ও পাখির অভয়ারণ্য প্রকল্প, বাবুগঞ্জ, বরিশাল (বিজ্ঞপ্তিটি নোটিশ বোর্ডে ঝুলিয়ে রাখার ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।

Shripur
২৭/১১/২৩
রেভিনিউ ডেপুটি কালেক্টর
বরিশাল।